দৈনিক খবর

তারিখ 23 DEC 1988
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

34

# ইসলামী ভার্সিটির ছাত্ররা হল ত্যাগ করছে

ইসলামী বিশ্ববিদ্যালয় (গাজীপুর), ২২শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রদের হল ত্যাগের নির্দেশের প্রথম দিনে আজ অনেক ছাত্রই হল ত্যাগ করেছেন। গতকাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরী সভায় আগামী ৩১শে ডিসেম্বর পর্যন্ত হল বন্ধ, ৩১শে জানুয়ারী পর্যন্ত সকল ক্লাস বন্ধ ঘোষণা এবং আগামীকাল শনিবার বিকাল ৫টার মধ্যে সকল আবাসিক ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১লা জানুয়ারী পর্যন্ত শীতকালীন বন্ধ এবং ১৫ই জানুয়ারী থেকে বিভিন্ন বর্ষের প্রথম সিমিস্টার পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুরের বর্তমান স্থান থেকে কুষ্টিয়ায় স্থানান্তরের সিদ্ধান্তের ফলে বেশ কিছুদিন যাবৎ ক্যাম্পাসে ছাত্রদের

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## ইসলামী ভার্সিটির

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে উত্তেজনা বিরাজ করার পরিপ্রেক্ষিতে হল বন্ধ করে দেয়া হয়েছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে।

গতকাল রাত ১১টায় রেডিওতে বিশ্ববিদ্যালয় ও হল বন্ধ করে দেয়ার ঘোষণা প্রচারিত হওয়ার সাথে সাথে বিশ্ববিদ্যালয় এলকায় উত্তেজনা দেখা দেয়। গতকাল রাত ও আজ দিনে ছাত্র ও স্থানীয় জনসাধারণ কয়েকবার বিক্ষোভ মিছিল বের করে এবং আজ বিকালে বোর্ড বাজারে স্থানীয় জনসাধারণ ঢাকা–ময়মনসিংহ সড়কে রাস্তা অবরোধ করে রাখে। ফলে প্রায় এক ঘন্টা উক্ত রাস্তায় যান চলাচল বন্ধ থাকে। এখানে এক সমাবেশে বক্তব্য রাখেন আ ক ম জসিম উদ্দিন, আবদুস সামাদ, আলাউদ্দিন, সহিদুল ইসলাম প্রমুখ স্থানীয় জনগণ।

### আজ সভা

ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে গণআন্দোলন গড়ে তোলার লক্ষ্যে আগামীকাল শনিবার ক্যাম্পাসে গাজীপুরের বিভিন্ন নেতৃবৃন্দের একটি সভা অনুষ্ঠিত হবে।